

সংগ্রাম'র
**রুবি জয়ন্তী**
উদ্‌যাপন।
৪১ বছরের
পথচলায়
আপনাকে
**স্বাগতম।**


সংখ্যা ৭২

# সংগ্রাম বার্তা

একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী

২১তম বর্ষ | জুন ২০২৫


## সংগ্রাম'র স্মার্ট প্রজেক্ট-এর অবহিতকরণ সভা অনুষ্ঠিত




*অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রধান অতিথি বরগুনা জেলা প্রশাসক মোহাম্মদ শফিউল আলম*

জলবায়ুগত পরিবর্তনশীল পরিস্থিতিতে ক্ষুদ্র উদ্যোক্তা কর্তৃক পরিবেশসম্মতভাবে শুঁটকি উৎপাদন ও বাজারজাতকরণ, শুঁটকির দেশীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ এবং সামুদ্রিক মাছের দেশীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে পিকেএসএফ'র Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) Project- এর আওতায় "Adopting Resource Efficient and Cleaner Production (RECP) technologies and practices for resilient green growth of dry fish processing microenterprises" উপ-প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ওয়ার্ল্ড ব্যাংক এর অর্থায়নে, পিকেএসএফ এর সহযোগিতায় এবং সংগ্রাম এর বাস্তবায়নে বুধবার (২৩ এপ্রিল) বেলা ১১টার দিকে বরগুনা জেলা প্রশাসক কার্যালয়ের সুবর্ণজয়ন্তী সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন- জেলা প্রশাসক মোহাম্মদ শফিউল আলম। অবহিতকরণ সভায় স্বাগত বক্তব্য রাখেন- সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন।

সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম এর সভাপতিত্বে ও প্রকল্প ব্যবস্থাপক মোঃ আবু নাঈম এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) অনিমেষ বিশ্বাস, জেলা মৎস্য কর্মকর্তা মোঃ মহসিন, বিসিক জেলা কার্যালয়ের উপব্যবস্থাপক কাজী তোফাজ্জেল হক, প্রেসক্লাব'র সভাপতি এডভোকেট সোহেল হাফিজ, সংগ্রাম কার্যনির্বাহী পরিষদ'র সভাপতি মোঃ জাহাঙ্গীর হোসেন প্রমুখ। এছাড়াও জেলার বিভিন্ন এনজিও প্রতিনিধি, ট্রলার মালিক সমিতি প্রতিনিধি, মৎস্য আড়ৎ সমিতি, শুটকি উৎপাদনকারী ও বিক্রেতাগণ এবং স্থানীয় গণমাধ্যমকর্মী উপস্থিত ছিলেন।

প্রকল্প সম্পর্কে একটি তথ্যচিত্র উপস্থাপন করেন- উপ প্রকল্পের এমআইএস এন্ড ডকুমেন্টেশন অফিসার মোঃ সাইফ হাসান মামুন। তথ্যচিত্র উপস্থাপন শেষে অংশগ্রহণকারীদের উন্মুক্ত আলোচনা ও প্রশ্নোত্তর পর্বে উত্তর দাতা হিসেবে আলোচনা করেন- উপ প্রকল্পটির ফোকাল পার্সন মোঃ হুমায়ুন কবীর ও উপ প্রকল্পের টেকনিক্যাল অফিসার মোঃ নুরুজ্জামান।

প্রকল্পটি পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলা ও বরগুনা জেলার ৩ টি উপজেলায় (বরগুনা সদর, তালতলী ও পাথরঘাটা) ১০ টি ইউনিয়নে সংগ্রাম'র ১১ টি শাখার মাধ্যমে ১হাজার ক্ষুদ্র উদ্যোক্তাকে নিয়ে কাজ করবে। মাছ শুঁকাতে মাচা ও ফিস ড্রায়ারের ব্যবহার, কীটনাশক দিয়ে মাছ সংরক্ষণ বন্ধকরণ, মিনি কোল্ড স্টোরেজের ব্যবহার, কমিউনিটি পর্যায়ে হাঁস-মুরগী ও মাছের খাদ্য তৈরীর মেশিন স্থাপন, শুঁটকি শুকানোর স্থানে সুপেয় পানির ব্যবস্থা সহ কমিউনিটি টয়লেট স্থাপন, মাছ ধোয়ার জন্য ড্রেনেজ সুবিধা সহ উঁচু প্লাটফরম স্থাপন, সামুদ্রিক পর্যটন এলাকায় প্লাস্টিক হাব স্থাপন, শুঁটকি ও সামুদ্রিক মাছ বাজারজাত করনের জন্য আউটলেট স্থাপন, বাজারজাতকরনের জন্য অন-লাইন প্লাটফরম তৈরি, মাছ ধরার ট্রলারে মাল্টিফাংশনাল ফিশ ফাইন্ড ও ইকো সাউন্ড'র ডিভাইস স্থাপন করাসহ প্রাকৃতিক সম্পদের সর্বোত্তম ব্যবহার করে পরিবেশের দূষণ কমিয়ে অধিক সম্পদ উৎপাদনের লক্ষ্যে কাজ করবে প্রকল্পটি। প্রকল্পটি ২০২৫ সনের ২০ ফেব্রুয়ারী থেকে ২০২৮ সালের জুন মাস পর্যন্ত চলমান থাকবে।

## বিশ্ব অটিজম দিবস পালন

অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারে আক্রান্ত ব্যক্তির চ্যালেঞ্জ এবং ক্ষমতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার উদ্দেশ্য নিয়ে পাথরঘাটার হাতেমপুরে বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালন করেছে সংগ্রাম বাস্তবায়িত প্রতিবন্ধী শিশুদের প্রাথমিক সনাক্তকরন ও প্রাথমিক হস্তক্ষেপ শক্তিশালীকরণ (ইআইইআই) প্রকল্প।

বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপন উপলক্ষে ১৩ এপ্রিল সকাল ৯ টার দিকে পাথরঘাটা উপজেলার ৭ টি ইউনিয়ন এবং ১টি পৌরসভা থেকে ২০ জন অটিজম আক্রান্ত শিশু তাদের কেয়ারগিভারদের সাথে হাতেমপুরে চৌধুরী মাসুম কৃষি প্রযুক্তি ইনস্টিটিউটে সমবেত হয়। ইআইইআই প্রকল্পের কর্মীরা তাদের স্বাগত জানান এবং রঙিন ফিতা দিয়ে অটিজম আক্রান্ত শিশুদের জন্য হুইটস বাজান। তারা আনন্দিত এবং অনেক খুশি দেখাচ্ছিল। তারা বাঁশি বাজিয়ে এবং প্রচুর শব্দ করে পুরো অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলে। এরপর ইআইইআই প্রকল্পের সভাকক্ষে প্রকল্প কর্মকর্তা মো. রফিকুল হকের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই আলোচনা সভার মাধ্যমে অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারে আক্রান্ত ব্যক্তির চ্যালেঞ্জ এবং ক্ষমতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।



## প্রতিবন্ধী শিশু ও যুবদের নিয়ে (MaPInCBR) প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত




*প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন পাথরঘাটা উপজেলা নির্বাহী অফিসার*

প্রতিবন্ধী শিশু ও যুবদের কমিউনিটি ভিত্তিক পুনর্বাসনে সকল ক্ষেত্রে অর্থপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।
মঙ্গলবার (৩ জুন) সকাল ১০টার দিকে পাথরঘাটা উপজেলা পরিষদ মিলনায়তনে লিলিয়ানা ফন্ডস্'র অর্থায়নে, সেন্টার ফর ডিজএ্যাবেলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)'র গ্রান্টস্ ম্যানেজমেন্টে ও সংগ্রাম'র বাস্তবায়নে প্রকল্পের অবহিতকরণ সভায় সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মো: মাসুম'র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন- পাথরঘাটা উপজেলা নির্বাহী অফিসার মো: মিজানুর রহমান।
সংগ্রাম'র সহকারী পরিচালক (প্রোগ্রাম) এ,এন,এম আশরাফ উদ্দিন'র সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মাহবুবুর রহমান, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কনসালটেন্ট ডা: আরিফুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার মহসিন হোসেন, পাথরঘাটা থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসান, সংগ্রাম'র সভাপতি অধ্যাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, সহ-সভাপতি চৌধূরী মরিয়ম, পাথরঘাটা প্রেসক্লাব'র সভাপতি আমিন সোহেল প্রমূখ।
এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- উপকারভোগীদের মধ্যে একজন নারী ও একজন পুরুষ প্রতিবন্ধী, সংগ্রাম ইআইইআই কর্মকর্তা, রিসার্স প্রকল্প কর্মকর্তাগণ, গবেষক, সংশ্লিষ্ট দপ্তরের প্রধানগণ, এনজিও প্রতিনিধি ও গণমাধ্যমকর্মীগণ।
দারিদ্র্যের মধ্যে বসবাসকারী প্রতিবন্ধী শিশু ও যুবদের একটি পরিবেশসম্মত সমাজ বিনির্মানে ৫ বছর মেয়াদী MaPInCBR এর আওতায় ০-২৫ বছর বয়সী যুবদের স্বাস্থ্য, শিক্ষা, জীবিকায়ন, সামাজিক অন্তর্ভুক্তি ও ক্ষমতায়ন বিষয়ক ৪৮টি কার্যক্রম বাস্তবায়ন করা হবে এই প্রকল্পের মাধ্যমে।

## বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্প

সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্য সেবা ও পুষ্টি কার্যক্রমের আওতায় পাথরঘাটা উপজেলার চরদুয়ানী ইউনিয়নে বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা বিনামূল্যে নাক, কান, গলা রোগের স্বাস্থ্যক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ১ জুন রবিবার সংগ্রাম বামনা শাখায় এই ক্যাম্পের আয়োজন করা হয়। সকাল ৯টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত অনুষ্ঠিত ক্যাম্পের মাধ্যমে ৩৬৭ জন রুগীকে পরিক্ষা করে চিকিৎসাপত্র প্রদান করা হয়। এসময় সাংবাদিক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সমৃদ্ধি কর্মসূচির কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন। ক্যাম্পে চিকিৎসা সেবা প্রদান বরিশালের সাউথ অ্যাপোলো মেডিকেল কলেজ ও হাসপাতালের নাক, কান, গলা ও হেড- নেক সার্জারি বিভাগের কনসালটেন্ট ডা: জনাব রিপন কুমার রায় এবং সংগ্রাম হেলথ কেয়ার এন্ড ডায়াগনস্টিক সেন্টারের আরএমও ডা: নিউটন হালদার। ক্যাম্প আয়োজন করেছে সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচি) এবং সার্বিক সহযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।
উল্লেখ্য, গত ৩১ মে শনিবার পাথরঘাটার চরদুয়ানী ইউনিয়নে জ্ঞানপাড়া খলিফার হাট মাধ্যমিক বিদ্যালয়ে একই ভাবে বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান করা হয়।



*রোগী দেখছেন বিশেষজ্ঞ চিকিৎসক*

## পাথরঘাটায় HOIFA প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত




বরগুনার পাথরঘাটা উপজেলা পরিষদ মিলনায়তনে সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম'র সভাপতিত্বে গত বৃহস্পতিবার (১৩ মার্চ) Humanitarian Operation and Innovation Facility (HOIFA) প্রকল্পের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- পাথরঘাটা উপজেলা নির্বাহী অফিসার মো. রোকনুজ্জামান খান। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- উপজেলা বিএনপি'র আহ্বায়ক চৌধূরী মোহাম্মদ ফারুক। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো. মাহবুব হোসেন, পাথরঘাটা প্রেসক্লাব সভাপতি আমিন সোহেল, উপজেলা সমাজসেবা অফিসার মো. মহসীন উদ্দিন, জাতীয় প্রতিবন্ধী সেবা কেন্দ্রের কনসালটেন্ট ডা. আরিফুর রহমান, সিডিডি'র সিনিয়র কোঅর্ডিনেটর অ্যান্ড সেফগার্ডিং ফোকাল তাসলিমা আক্তার কেয়া, সংগ্রাম'র পরিচালক মো. মাসউদ সিকদার, সিপিপি'র উপজেলা টিম লিডার অলিউল ইসলাম বাবুল। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কবির আহমেদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইউসিবিএল ব্যাংকের ম্যানেজার, ডিপিএইচই, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় প্রতিনিধি, সংগ্রাম ইআইআই প্রকল্পের প্রজেক্ট অফিসার উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রকল্প প্রধান মীর সোহাগ জানান, Centre for Disability in Development CDD সংগ্রাম'র কারিগরি সহযোগিতায় এবং Molteser International Germany আর্থিক সহযোগিতায় ToGTHER 2.0 project এর আওতায় বরগুনা পাথরঘাটা উপজেলার সদর ইউনিয়নে HOIFA project বাস্তবায়িত হয়েছে।
এই প্রকল্পের আওতায় প্রতিবন্ধী পরিবারে ৬৯টি ৩ হাজার লিটারের রেইন ওয়াটার হার্ভেস্টিং প্রদান করা হয়েছে। ১২০ জনকে হাইজিন Dignity kit, ১০ জনকে দুর্যোগ সাড়াদানে সহায়ক উপকরণ প্রদান করা হয়েছে। ৬০ টি সচেতনতামূলক উঠান বৈঠক পরিচালনা করা হয়েছে। সবশেষে প্রকল্পে কর্মযুক্ত ১০জন সেচ্ছাসেবকে সম্মাননা স্মারক ও সনদপত্র প্রদান করা হয়েছে। এই প্রকল্প বাস্তবায়নের ফলে প্রতিবন্ধী ব্যক্তি, নারী ও বয়স্ক মানুষ এবং দুর্যোগ ঝুঁকিতে থাকা কর্ম-এলাকার জনগোষ্ঠীর নিরাপদ পানীয় জলে অন্তর্ভুক্তিমূলক প্রবেশাধিকার নিশ্চিত হয়েছে; কাঙ্খিত স্বাস্থ্যবিধি অনুশীলন এবং যুবকদের সক্রিয় অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে।

## বিনামূল্যে চক্ষু সেবা প্রদান করেছে সংগ্রাম




সংগ্রাম'র স্বাস্থ্য কর্মসূচির আওতায় মঠবাড়িয়া উপজেলার সাপলেজা বাজারে বিনামূল্যে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। সংগ্রাম এর শাখা কার্যালয়ে মঙ্গলবার (১৫ এপ্রিল) বরিশাল'র ইস্পাহানী ইসলামিয়া চক্ষু হাসপাতাল থেকে আগত চিকিৎসকগণ এই চক্ষু সেবা প্রদান করেন। অবসরপ্রাপ্ত শিক্ষক মোঃ হুমায়ুন কবীর এর সভাপতিত্বে এ চক্ষু ক্যাম্পের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- বাংলাদেশ জামায়াতে ইসলামী ৯ নং সাপলেজা ইউনিয়ন সভাপতি মোঃ আব্দুর রব মিয়া, সুন্দরবন এনজিও'র সমন্বয়ক মোঃ ইদ্রিস আলী মোল্লা। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন- সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মোঃ মাসউদ সিকদার, ক্যাম্প ম্যানেজার মিজানুর রহমান, সংগ্রাম'র এরিয়া ম্যানেজার মোঃ জাকারিয়া মল্লিক। সংগ্রাম আয়োজিত এ চক্ষু ক্যাম্পে সকাল ৮টা থেকে বিকেল ৩টা পর্যন্ত অনুষ্ঠিত এই ক্যাম্পে ২২২ জন রোগীর চিকিৎসা প্রদান করা হয়। এর মধ্যে ২১১ জনকে বিনামূল্যে ওষুধ ও ১৮ জন শিশু রোগীকে বিনামূল্যে চশমা প্রদান করা হয়। ২২২জন রোগির মধ্য থেকে ২৩ জন রোগীকে সানি অপারেশনের জন্য বরিশাল ইস্পাহানি ইসলামিয়া চক্ষু হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। দিনব্যাপী এ চক্ষু ক্যাম্পে চিকিৎসা প্রদান করেন- ইস্পাহানি ইসলামিয়া চক্ষু হাসপাতালের মেডিকেল অফিসার মোঃ হাসান।



উন্নয়নে যুব সমাজ

## দুইশ' যুবক পেলো আত্মোন্নয়ন প্রশিক্ষণ

আমাদের যুব সমাজ জাতির আশা-ভরসার কেন্দ্রস্থল। জাতীয় জীবনে যে কোন গুরুত্বপূর্ণ, যে কোন আপদকালীন মুহূর্তে যুবসমাজ অগ্রণী এবং সাহসী ভূমিকা পালন করতে পারে। তাই যুবসমাজের অবক্ষয় থেকে মুক্তি পাওয়ার জন্য এবং সচেতন যুবসমাজকে এগিয়ে নেওয়ার জন্য সংগ্রাম সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে 'উন্নয়নে যুব সমাজ' কর্মকান্ডের আওতায় ৮ ব্যাচে ২শ' জন যুবককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সংগ্রাম'র আয়োজনে পাথরঘাটা উপজেলার চরদুয়ানী ইউনিয়নে ১শ' জন এবং বামনা উপজেলার সদর ইউনিয়নের ২৪০জনকে এই প্রশিক্ষণ প্রদান করা হয়। একদিনব্যাপী ৮ ব্যাচের এই প্রশিক্ষণ ২৪ মে থেকে ৩১ মে পর্যন্ত সম্পন্ন করা হয়। এই প্রশিক্ষণের মাধ্যমে যুব সমাজ মাদকমুক্ত, সমাজসেবায় ব্রত একজন মানুষ হিসেবে গড়ে তোলা এবং যুব শক্তিকে আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করার একটি প্রয়াস। উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং ইসলামিক ফাউন্ডেশন মনোনীত স্থানীয় ইমাম এই প্রশিক্ষণ প্রদান করেন।




## বাড়ি থেকে যারা অনুষ্ঠানে আসতে কান্না করেছে সেই শিশুরা অনুষ্ঠান শেষে বাড়ি ফিরতে চায়নি




*বক্তব্য রাখছেন সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মো. মাসউদ সিকদার*

গত ২৭ মার্চ সংগ্রাম এর MaPInCBR প্রকল্পের আয়োজনে ববরগুনার পাথরঘাটায় "ডাউন সিন্ড্রোম" বৈশিষ্ট সম্পন্ন ব্যক্তিদের সহায়তা ব্যবস্থা করি, বৈষম্যহীন সমাজ গড়ি" প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবস পালিত হয়। বরগুনা পাথরঘাটা উপজেলার ১৬ জন ডাউন সিন্ড্রোম বৈশিষ্ট্য সম্পন্ন শিশু এবং তাদের কেয়ারগিভারগণ উপস্থিত ছিলেন। এ আলোচনা সভায় সংগ্রাম'র পরিচালক মাসউদ সিকদার, সহকারি পরিচালক এ এন এম আশরাফ উদ্দিনসহ সংগ্রাম EiEi প্রকল্পের প্রোজেক্ট অফিসার রফিকুল হকসহ প্রকল্পের কর্মকর্তা, কমিউনিটি ইন্টার্নগণ অংশগ্রহণ করেন। আলোচনাসভা, ডাউন সিনড্রোম বৈশিষ্ট সম্পন্ন শিশুদের বিভিন্ন মজার কার্যকলাপ, হাসি-আনন্দ এবং হৃদয়গ্রাহী মুহূর্ত দিয়ে অনুষ্ঠানটি পরিপূর্ণ করে তোলে।

# সমৃদ্ধি কর্মসূচির আওতায় ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত



বক্তব্য রাখছেন অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব চৌধূরী মোহাম্মাদ মাসুম

বামনা সদর ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, উন্নয়নে যুব সমাজের যুবকরা, কৈশোর কার্যক্রমের কিশোর-কিশোরী, প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের প্রবীণদের সমন্বয়ে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বামনা সরকারি কলেজ মাঠ প্রাঙ্গনে গত ৩ মে অনুষ্ঠিত এই বর্নাঢ্য অনুষ্ঠানটি সকাল ৮ টার দিকে পবিত্র কুরআন তিলওয়াত-এর মাধ্যমে শুরু হয়। কোরআন তেলাওয়াত করেন শিক্ষার্থী হাফেজ মোঃ জাহিদ হাসান ও গীতা পাঠ করেন সিমান্ত দাশ। কলাগাছিয়া-১ শিক্ষা সহায়তা কেন্দ্রের গৌরব মালাকার, আয়শা সিদ্দিকা, সেতু আক্তার শিক্ষার্থীদের সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করেন বিশেষ অতিথি ইঞ্জিনিয়ার আবুল কালাম আজাদ রানা এবং সংগ্রাম পতাকা উত্তোলন করেন প্রধান অতিথি জনাব চৌধূরী মোহাম্মাদ মাসুম। শিক্ষার্থীদের শপথ বাক্য পাঠ করান পশ্চিম সফিপুর-১ শিক্ষা সহায়তা কেন্দ্রের শিক্ষার্থী মো. মাহিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- বামনা সরকারি কলেজ এর প্রভাষক মো. জাকির হোসেন, বাংলাদেশ জামায়াত ইসলামির উপজেলা সাধারণ সম্পাদক মো. সাইফুল্লাহ মানসুর, ম্যান ফর ম্যান এনজিও'র নির্বাহী পরিচালক আবদুল মতিন আকন, প্রবীণ কমিটির ইউনিয়ন সভাপতি। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন- যুব কমিটির ইউনিয়ন সভাপতি ও কৈশোর কমিটির সভাপতি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সাংবাদিকবৃন্দ।

সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী) কর্তৃক বাস্তবায়িত বামনা উপজেলার বামনা সদর ইউনিয়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় সমৃদ্ধি কর্মসূচি প্রকল্পের আয়োজনে বামনা সদর ইউনিয়নের শিক্ষা সহায়তা কেন্দ্রের ১ম ও ২য় শ্রেণীর শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, উন্নয়নে যুব সমাজের যুবকরা, কৈশোর কার্যক্রমের কিশোর-কিশোরী, প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের প্রবীণসহ স্থানীয় আরো অনেক গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে অনুষ্ঠানটি আনন্দ, উদ্দীপনা ও সাংস্কৃতিক বন্ধনের মাধ্যম হিসেবে অংশগ্রহনকারীদের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে অত্যন্ত তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে। এ অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ পেয়েছে।



# বিএনডিএফ থেকে সম্মাননা পেলেন সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম

সামাজিক ক্ষেত্রে অবদান এবং উন্নয়ন সংগঠক হিসেবে বরিশাল বিভাগের অন্যতম এনজিও সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচি) এর প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুমকে সম্মাননা স্মারক প্রদান করা হয়েছে।

একটি সমাজ বিনির্মানে বিভিন্ন প্রচেষ্টার অগ্রভাগে থাকা উদ্যোক্তাদের তথ্য-উপাত্ত যাচাই-বাছাই করে বরগুনার ছয় সংস্থা প্রধানকে বিএনডিএফ কর্তৃপক্ষ সম্মাননা স্মারক প্রদান করে সম্মানীত করেছেন। বিএনডিএফ প্রথমবারের মত এই উদ্যোগ গ্রহণ করেছে। সম্মাননা স্মারক প্রদান করার মাধ্যমে বরগুনার এই ৬টি সংস্থার সম্মান বৃদ্ধি পেয়েছে।

সংগ্রাম ছাড়াও বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরাম (বিএনডিএফ) কর্তৃপক্ষ সামাজিক ক্ষেত্রে এবং উন্নয়ন সংগঠক হিসেবে আরও ৬টি এনজিও এর প্রধানদের সম্মাননা প্রদান করেছে। এছাড়াও হীড বাংলাদেশ এর নির্বাহী পরিচালক আনোয়ার হোসেন, রুরাল ডেভেলপমেন্ট ফোরাম (আরডিএফ) এর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক গোলাম মোস্তফা, জাগো নারীর প্রধান নির্বাহী হোসনেয়ারা হাসি, সংকল্প ট্রাস্ট এর নির্বাহী পরিচালক মীর্জা শহিদুল ইসলাম খালেদ ও নজরুল স্মৃতি সংসদ (এনএসএস) এর নির্বাহী পরিচালক শাহাবুদ্দিন পান্না।

গত ২৭ ফেব্রুয়ারি-২৫ আরডিএফ টাওয়ারে এ সম্মাননা প্রদান করা হয়। বিএনডিএফ কর্তৃক আয়োজিত এ সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সম্মাননা স্মারক সংগঠকদের হাতে তুলে দেন- বরগুনা জেলা প্রশাসক কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) অনিমেষ বিশ্বাস।

বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরাম (বিএনডিএফ)'র সভাপতি জাকির হোসেন মিরাজ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-


সংগ্রাম'র প্রতিষ্ঠাতার পক্ষে সম্মাননা গ্রহণ করছেন নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন

অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অবস্) মোঃ জহুরুল ইসলাম হাওলাদার। এসময় বরগুনা জেলায় অবস্থিত বিভিন্ন পর্যায়ের এনজিও প্রধান ও প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সম্মাননা স্মারকপ্রাপ্ত সংগঠকরা বলেন- নিশ্চয়ই আগামীর পথ চলা আরও বেগবান হবে। এই স্বীকৃতি আমাদের অনুপ্রেরণার একটি জায়গা তৈরি করে দিয়েছে।

**পৃষ্ঠপোষক : চৌধূরী মুনীর হোসেন**
**নির্বাহী সম্পাদক : চৌধূরী মোহাম্মাদ মঈন, সম্পাদক : মো. মাসউদ সিকদার, বার্তা সম্পাদক : মো. সানাউল্লাহ রিয়াদ, গ্রাফিক্স : মো. আরিফ মিয়া**
**ইনফরমেশন সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন : +৮৮ ০২৪৭৮৮৮৬৮২৮**
E-mail: contact@sangram.ngo, Facebook: facebook.com/ngosangram, youtube.com/SangramNgo, Website: www.sangram.ngo